**2023**

BENGALI

( Honours Core )

Paper : BEN–HC–5016

( আধুনিক বাংলা সাহিত্য ঃ প্রাক্‌-স্বাধীনতা পর্ব )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) "কে হায় _____ খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাসে!"

( শূন্যস্থান পূরণ করো )

(খ) 'চম্পা' কবিতার মোট স্তবক সংখ্যা কয়টি?

(গ) "বেয়নেট হোক যত ধারালো"—'বেয়নেট' শব্দের অর্থ কী?

(ঘ) 'রজনী' উপন্যাসের ভুবনেশ্বরী কে?

(ঙ) "_____ প্রান্তভাগে আমার পিতার একখানি পুষ্পোদ্যান জমা ছিল।"

( শূন্যস্থান পূরণ করো )

(চ) শচীন্দ্র ও রজনীর পুত্র সন্তানের নাম কী?

(ছ) "তোমার এই সমুদ্রতুল্য হৃদয়ে কি আমার জন্য এতটুকু স্থান নাই?" উক্তিটির বক্তা কে?

(জ) "হিন্দুর বিদ্যাসুন্দর আছে; মুসলমানের ______ আছে।"

( শূন্যস্থান পূরণ করো )

(ঝ) "জলৌকা প্রভৃতি কীটপতঙ্গ দেখিয়া আমরা ভীতবিহ্বলা হই।" 'জলৌকা' শব্দের অর্থ কী?

(ঞ) বঙ্গভঙ্গের সময় মেয়েরা কাচের চুড়ি বর্জন করলে স্বদেশী পণ্য হিসেবে কোন্ ধরনের চুড়ির প্রচলন হয়েছিল?

২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'রাখালী' কবিতায় উল্লিখিত দুটি ফুলের নাম লেখো।

(খ) 'রজনী' উপন্যাসে মোট কয়টি খণ্ড রয়েছে? এর শেষ খণ্ডটির নাম কী?

(গ) 'রজনী' উপন্যাসের রামসদয় মিত্র ও তার স্ত্রী লবঙ্গলতার বয়স কত?

(ঘ) মহম্মদ শহীদুল্লাহ্ 'আমাদের ভাষাসমস্যা' প্রবন্ধে স্কুল, কলেজ, মাদ্রাসা সর্বত্রই বৈকল্পিক বিষয় (optional subject) হিসেবে কোন্ দুটি ভাষার কথা উল্লেখ করেছেন?

(ঙ) 'প্রাচীন বঙ্গসাহিত্যের বিশেষ লক্ষণ' প্রবন্ধে উল্লিখিত যে কোনো দুজন 'ধর্মমঙ্গল'-এর কবির নাম লেখো।





৩। নীচের যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) "আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়," 'আশা' কীভাবে কবিকে ছলনা করেছে, সংক্ষেপে লেখো।

(খ) তাৎপর্য ব্যাখ্যা করো :

"তোমার কান্নার সুরে বেতের ফলের মতো তার
ম্লান চোখ মনে আসে;
পৃথিবীর রাঙা রাজকন্যাদের মতো সে যে রূপ
নিয়ে চ'লে গেছে দূরে;"

(গ) 'রজনী' উপন্যাসের চাঁপা চরিত্রের বর্ণনা দাও।

(ঘ) "গোবিন্দ বাবু একটি গল্প বলিলেন, তাহার সারমর্ম্ম এই।" গল্পের সারমর্ম কী ছিল, সংক্ষেপে লেখো।

(ঙ) রাজশেখর বসু তাঁর 'অপবিজ্ঞান' প্রবন্ধে 'বিদ্যুৎ' সম্পর্কে যে অপবিজ্ঞান চর্চার বিষয়গুলি তুলে ধরেছেন তা আলোচনা করো।

(চ) মহম্মদ শহীদুল্লাহ্ 'আমাদের ভাষাসমস্যা' প্রবন্ধে মাদ্রাসাগুলিতে ভাষাচর্চা সম্পর্কে যে অভিমত তুলে ধরেছেন তা আলোচনা করো।

৪। (ক) রবীন্দ্রনাথের 'একটি মাত্র' কবিতায় জীবন উপলব্ধির মর্মসত্য কীভাবে উদ্ঘাটিত হয়েছে, আলোচনা করো। ১০

*অথবা*

(খ) সুকান্ত ভট্টাচার্যের 'একটি মোরগের কাহিনী' কবিতায় শোষক ও শোষিতের যে চিত্র রূপায়িত হয়েছে তা ব্যাখ্যা করো।

৫। (ক) 'রজনী' উপন্যাসের অমরনাথ চরিত্রের বিশেষত্ব আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'রজনী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

৬। (ক) বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন 'স্ত্রীজাতির অবনতি' প্রবন্ধে কীভাবে স্ত্রীলোকের অবনতির কারণ ও সমস্যাগুলির উদ্‌ঘাটন করেছেন, আলোচনা করো। ১০

*অথবা*

(খ) "যে জাতির শাসনে দাসত্ব, চিন্তায় দাসত্ব, সমাজে দাসত্ব, তাহাদের সাহিত্য অন্যরূপ হইবে কেন?" 'প্রাচীন বঙ্গসাহিত্যের বিশেষ লক্ষণ' প্রবন্ধের অন্তর্গত উক্ত বক্তব্যের মাধ্যমে প্রাবন্ধিক কী বুঝাতে চেয়েছেন, আলোচনা করো।

৭। (ক) তোমার পঠিত জসীমউদ্দীনের 'রাখালী' কবিতার মূল বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'রজনী' উপন্যাসের পঞ্চম খণ্ডের কাহিনীর বিস্তারিত বর্ণনা দাও।

★★★